



নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০১.২০-২ ৫৭৬

তারিখ: ২৩ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ  
০৮ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ

### অফিস আদেশ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৯/০৩/২০০৯ তারিখের স্বাপকম/প্রশা-১/এডি/পদ(কমিটি)-৪/২০০৫/৩৫২ সংখ্যক স্মারকের আদেশ সংশোধনপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫/০৫/২০১৩ তারিখের ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০-১৪৩ সংখ্যক স্মারকের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য অধিদপ্তর ও তার আওতাধীন হাসপাতাল/প্রতিষ্ঠানের ১১ হতে ২০ গ্রেডের (৩য় ও ৪র্থ শ্রেণি) কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি, টাইমস্কেল ও সিলেকশনগ্রেড প্রদান বিষয়ক বিভাগীয় নির্বাচন কমিটি নিম্নরূপভাবে গঠন করা হল:

(ক) স্বাস্থ্য অধিদপ্তর এবং এর আওতাধীন সকল প্রতিষ্ঠানের (ঢাকায় অবস্থিত মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল ও অন্যান্য সকল দপ্তর/প্রতিষ্ঠান) ১১ হতে ২০ গ্রেডের (৩য় ও ৪র্থ শ্রেণি) কর্মচারীদের বিভাগীয় নির্বাচন কমিটি:

- (১) পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর/দপ্তর/প্রতিষ্ঠান প্রধান (যুগ্মসচিব সম অথবা ঊর্ধ্ব মর্যাদাসম্পন্ন কর্মকর্তা অথবা যুগ্মসচিবের সম স্কেলে বেতন আহরণকারী কর্মকর্তা/যেসব প্রতিষ্ঠানে যুগ্মসচিব পদমর্যাদার কর্মকর্তা নেই, সেক্ষেত্রে স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক পর্যায়ের কর্মকর্তাকে সভাপতি হিসেবে মনোনয়ন প্রদান করতে হবে) - আহবায়ক/সভাপতি
- (২) উপসচিব/সিনিয়র সহকারী সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে) - সদস্য
- (৩) উপসচিব/সিনিয়র সহকারী সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ (প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রতিনিধি) - সদস্য
- (৪) বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের একজন প্রতিনিধি (যদি সম্ভব হয়) - সদস্য
- (৫) উপ-পরিচালক, সংশ্লিষ্ট অধিদপ্তর/পরিদপ্তর - সদস্য সচিব

(খ) স্বাস্থ্য অধিদপ্তর এবং এর আওতাধীন সকল প্রতিষ্ঠানের (ঢাকার বাহিরে অবস্থিত মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল ও অন্যান্য সকল দপ্তর/প্রতিষ্ঠান) ১১ হতে ২০ গ্রেডের (৩য় ও ৪র্থ শ্রেণি) কর্মচারীদের বিভাগীয় নির্বাচন কমিটি:


- (১) পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল/প্রতিষ্ঠান (যুগ্মসচিব সম মর্যাদাসম্পন্ন অথবা ঊর্ধ্ব মর্যাদাসম্পন্ন কর্মকর্তা অথবা যুগ্মসচিবের সম স্কেলে বেতন আহরণকারী কর্মকর্তা) - আহবায়ক/সভাপতি
- (২) অতিরিক্ত জেলা প্রশাসক, সংশ্লিষ্ট জেলা(জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে) (সংশ্লিষ্ট জেলা প্রশাসক মনোনয়ন প্রদান করবেন) - সদস্য
- (৩) সংশ্লিষ্ট বিভাগের পরিচালক (স্বাস্থ্য) এর একজন প্রতিনিধি - সদস্য
- (৪) বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের একজন প্রতিনিধি (যদি সম্ভব হয়) - সদস্য
- (৫) উপ-পরিচালক, সংশ্লিষ্ট অধিদপ্তর/পরিদপ্তর (যেসব প্রতিষ্ঠানে উপ-পরিচালক ও সহকারী পরিচালকের পদ নেই, সেসব প্রতিষ্ঠানে উপ-পরিচালক/সহকারী পরিচালকের সম/ঊর্ধ্ব মর্যাদাসম্পন্ন কর্মকর্তা অথবা উক্ত পদের সমস্কেলে বেতন আহরণকারী কর্মকর্তাকে সদস্য সচিব হিসেবে মনোনয়ন প্রদান করতে হবে) - সদস্য সচিব

অঃপঃদঃ

কমিটির কার্যপরিধি:

- (ক) রাজস্বখাতভুক্ত ১১-২০ গ্রেডের পদ (৩য় ও ৪র্থ শ্রেণি) সরাসরি নিয়োগ/পদোন্নতি দ্বারা পূরণের জন্য প্রার্থী/ফিডার পদধারী বাছাই এবং তাদের বকেয়া সিলেকশনগ্রেড ও টাইমস্কেল মঞ্জুরির ক্ষেত্রে সুপারিশ প্রদান করবে।
- (খ) এ কমিটি সরাসরি নিয়োগ/পদোন্নতির মাধ্যমে জনবল নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগবিধি ও বিধি-বিধান এবং কর্মচারীদের বকেয়া সিলেকশনগ্রেড ও টাইমস্কেল প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধি-বিধানসহ জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট আদেশ/পরিপত্র/প্রজ্ঞাপনের আলোকে সুপারিশ প্রদান করবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।


  
২৬/১১/২০২০  
(জাকিয়া পারভীন)  
উপসচিব  
ফোন: ৯৫৭৭৯৮৫  
[admin1@hds.gov.bd](mailto:admin1@hds.gov.bd)

নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০১.২০-১ ৫৭৮/১ (২০০)

তারিখ: ২৩ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ  
০৮ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (সকল), .....মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল/প্রতিষ্ঠান
- ৩। জেলা প্রশাসক (সকল).....
- ৪। পরিচালক (স্বাস্থ্য)(সকল বিভাগ).....
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। সহকারী পরিচালক/তত্ত্বাবধায়ক,.....
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। যুগ্মসচিব(প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

  
২৬/১১/২০২০  
(জাকিয়া পারভীন)  
উপসচিব